

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ফেব্রুয়ারী ১৪, ২০০৮

বাংলাদেশ নির্বাচন কমিশন

প্রজ্ঞাপন

তারিখ, ২ ফাল্গুন ১৪১৪ বাং/ ১৪ ফেব্রুয়ারি ২০০৮ইং

এস আর ও নং ৩১-আইন/২০০৮।- ভোটার তালিকা অধ্যাদেশ, ২০০৭ (২০০৭ সনের ১৮ নং অধ্যাদেশ) এর ১৬ নং ধারায় প্রদত্ত ক্ষমতাবলে নির্বাচন কমিশন নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা: -

১। সংক্ষিপ্ত শিরোনাম।- এই বিধিমালা ভোটার তালিকা বিধিমালা, ২০০৮ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।- বিষয় বা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়-

- (ক) “অধিবাসী” অর্থ অধ্যাদেশের ৮ ধারায় বর্ণিত নির্বাচনী এলাকা বা ভোটার এলাকার অধিবাসী;
- (খ) “অধ্যাদেশ” অর্থ ভোটার তালিকা অধ্যাদেশ, ২০০৭ (২০০৭ সনের ১৮নং অধ্যাদেশ);
- (গ) “উপজেলা” অর্থ উপজেলা পরিষদ আইন, ১৯৯৮-এর ধারা ৩ এর বিধান অনুযায়ী ঘোষিত উপজেলা;
- (ঙ) “এলাকা” বলিতে, ক্ষেত্রমত, ভোটার এলাকা বা নির্বাচনী এলাকা বুঝাইবে;
- (চ) “তালিকাভুক্ত করা” অর্থ ইহার ব্যাকরণগত বিভিন্নতাসহ, কোন ব্যক্তিকে কোন ভোটার এলাকার ভোটার হিসাবে নিবন্ধিত করা এবং এই বিধিমালা অনুযায়ী প্রণীত চূড়ান্ত ভোটার তালিকায় তাহার নাম অন্তর্ভুক্ত করা;

- (ছ) “নির্ধারিত” অর্থ কমিশন কর্তৃক নির্ধারিত অথবা কমিশন কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি কর্তৃক নির্ধারিত;
- (জ) “প্রকাশ করা” অর্থ ইহার ব্যাকরণগত বিভিন্নতাসহ, জনসাধারণের জন্য উন্মুক্ত কোন স্থানে প্রদর্শন;
- (ঝ) “ফরম” অর্থ এই বিধিমালার কোন ফরম;
- (ঞ) “ভোটার তালিকা” অর্থ অধ্যাদেশের ধারা ২(ছ) এ বর্ণিত ভোটার তালিকা;
- (ট) “সংশোধনকারী কর্তৃপক্ষ” অর্থ এক বা একাধিক ভোটার এলাকার জন্য ভোটার তালিকা সংক্রান্ত দাবী এবং আপত্তিসমূহ শুনানীর জন্য বিধি ২২ এর অধীন কমিশন কর্তৃক নিযুক্ত কোন ব্যক্তি।

৩। ভোটার রেজিস্ট্রেশন ও ভোটার তালিকা প্রণয়ন সংক্রান্ত সাংগঠনিক কাঠামো।- (১) কমিশন ভোটার রেজিস্ট্রেশন ও ভোটার তালিকা প্রণয়ন, সংশোধন, পুনঃপরীক্ষা ও হালনাগাদকরণ কার্যক্রম পরিচালনার জন্য, যখন প্রয়োজন হইবে, নিম্নরূপ একটি অস্থায়ী সাংগঠনিক কাঠামো প্রস্তুত ও কার্যকর করিবেন, যথা :-

- (ক) প্রতিটি জেলার আওতাধীন এলাকা বা এলাকাসমূহে উল্লিখিত কার্যাদি সম্পাদনের জন্য রেজিস্ট্রেশন অফিসার;
- (খ) রেজিস্ট্রেশন অফিসারকে সহায়তা প্রদানের জন্য পৌর বা সিটি এলাকায় এক বা একাধিক ওয়ার্ডে একজন কিংবা, ক্ষেত্রমত, এক ওয়ার্ডে একাধিক এবং একইভাবে পল্লী এলাকায় প্রতি ইউনিয়নের জন্য এক বা একাধিক সহকারী রেজিস্ট্রেশন অফিসার;
- (গ) ওয়ার্ড পর্যায়ে বাড়ী বাড়ী গমনপূর্বক ভোটারদের মধ্যে নির্ধারিত ফরম বিতরণ ও প্রয়োজনীয় তথ্য সংগ্রহের জন্য কমিশন কর্তৃক নির্ধারিত হারে তথ্য সংগ্রহকারী;
- (ঘ) তথ্য সংগ্রহকারীর কাজ তদারকীর জন্য সুপারভাইজার; এবং
- (ঙ) সংগৃহীত তথ্য কম্পিউটারে এন্ট্রির জন্য ডাটা এন্ট্রি অপারেটর, টিম লীডার, অপারেটরদের কাজ তদারকীর জন্য টেকনিক্যাল ম্যানেজার ও ভুলত্রুটি সংশোধনের জন্য প্রুফ রীডার।

(২) উপ-বিধি (১) এ যাহা কিছুই থাকুক না কেন, রেজিস্ট্রেশন অফিসার অধ্যাদেশের ধারা ৬-এর উপ-ধারা (২) এর দফা (খ) অনুযায়ী প্রয়োজনবোধে তাহার দায়িত্ব পালনে সহায়তা করিবার জন্য কোন ব্যক্তিকে নির্দেশ দিতে পারিবেন।

৪। ভোটার রেজিস্ট্রেশন ও ভোটার তালিকা প্রণয়ন সংক্রান্ত জনবল নিয়োগ পদ্ধতি ।-
(১) কমিশন, সরকারী গেজেট প্রজ্ঞাপন দ্বারা, জেলা নির্বাচন কর্মকর্তাকে সংশ্লিষ্ট জেলার রেজিস্ট্রেশন অফিসার হিসাবে নিয়োগ দান করিবেন।

(২) রেজিস্ট্রেশন অফিসার বিভিন্ন উপজেলা ও মেট্রোপলিটন এলাকার সরকারী, আধাসরকারী ও স্বায়ত্বশাসিত অফিস বা প্রতিষ্ঠানে কর্মরত প্রথম ও দ্বিতীয় শ্রেণীর কর্মকর্তা এবং সরকারী ও সরকারী অনুদানপ্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানের প্রথম বা দ্বিতীয় শ্রেণীর পদমর্যাদাসম্পন্ন প্রভাষক, প্রধান শিক্ষক/সহকারী প্রধান শিক্ষক ও সিনিয়র শিক্ষকদের মধ্য হইতে সহকারী রেজিস্ট্রেশন অফিসারের, অধিক্ষেত্র উল্লেখপূর্বক, একটি তালিকা প্রস্তুত করিয়া উপ-নির্বাচন কমিশনারের মাধ্যমে কমিশনের অনুমোদনের জন্য প্রেরণ করিবেন।

(৩) কমিশন উপ-বিধি (২) এর অধীন বর্ণিত তালিকা অনুমোদনপূর্বক, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, সহকারী রেজিস্ট্রেশন অফিসারদের নিয়োগ দান করিবেন।

(৪) রেজিস্ট্রেশন অফিসার, সহকারী রেজিস্ট্রেশন অফিসারের সহায়তা গ্রহন করিয়া-

(ক) নিম্নবর্ণিত কর্মরত কর্মকর্তা বা কর্মচারী, শিক্ষক বা ব্যক্তিকে তথ্য সংগ্রহকারী হিসাবে নিয়োগ করিবেন, যথা :-

(অ) সরকারী, আধাসরকারী, স্বায়ত্বশাসিত বা আধা-স্বায়ত্বশাসিত অফিস বা প্রতিষ্ঠান বা সংস্থার কর্মচারী;

(আ) সরকারী বা সরকারী অনুদানপ্রাপ্ত প্রাথমিক বিদ্যালয় বা মাদ্রাসার প্রধান শিক্ষক বা সহকারী প্রধান শিক্ষক বা সহকারী শিক্ষক বা কর্মচারী;

(ই) সরকারী বা সরকারী অনুদানপ্রাপ্ত উচ্চ বিদ্যালয় বা মাদ্রাসার শিক্ষক বা সহকারী শিক্ষক বা কর্মচারী;

(ঈ) সরকার কর্তৃক অনুমোদিত কিন্ডার গার্টেন ও কমিউনিটি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক এবং সরকারী পৃষ্ঠপোষকতায় বা সহায়তায় প্রতিষ্ঠিত বিভিন্ন অফিস বা সংস্থা বা প্রতিষ্ঠানের কর্মচারী অথবা স্বীকৃত কোন প্রতিষ্ঠান যেমন-রোভার স্কাউট, বিএনসিসি বা এ ধরনের কোন সু-শৃংখল প্রতিষ্ঠানের কর্মী বা সদস্য অথবা প্রয়োজন অনুসারে বেসরকারী প্রতিষ্ঠানের যোগ্য কর্মকর্তা বা কর্মচারী বা বেসরকারী পর্যায়ের যে কোন ব্যক্তি ।

ব্যাখ্যা:- উপবিধি (৪) এর দফা (ক) -এ উল্লিখিত কর্মকর্তা বলিতে দ্বিতীয় শ্রেণীর কর্মকর্তা এবং কর্মচারী বলিতে তৃতীয় শ্রেণীর কর্মচারী বুঝাইবে।

(খ) নিম্নবর্ণিত কর্মকর্তা ও শিক্ষকদের সুপারভাইজার হিসাবে নিয়োগ করিবেন, যথাঃ-

(অ) সরকারী, আধাসরকারী, স্বায়ত্বশাসিত বা আধা-স্বায়ত্বশাসিত অফিস বা প্রতিষ্ঠান বা সংস্থার কর্মকর্তা;

- (আ) সরকারী বা সরকারী অনুদানপ্রাপ্ত কলেজ বা সমপর্যায়ের মাদ্রাসার শিক্ষক ও কর্মকর্তা;
- (ই) সরকারী বা সরকারী অনুদানপ্রাপ্ত প্রাথমিক বিদ্যালয় বা উচ্চ বিদ্যালয় বা মাদ্রাসার প্রধান শিক্ষক বা সহকারী প্রধান শিক্ষক বা সিনিয়র শিক্ষক ও কর্মকর্তা।
- (৫) তথ্য সংগ্রহকারী এবং সুপারভাইজারদের তালিকা চূড়ান্ত করিবার পূর্বে সংশ্লিষ্ট সহকারী রেজিস্ট্রেশন অফিসার তাহাদের দক্ষতা যাচাইয়ের জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ করিবেন।
- (৬) বয়স্ক, অদক্ষ, অপারদর্শী এবং রাজনৈতিক দলের সাথে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে জড়িত ব্যক্তিগণকে কোনক্রমেই তথ্য সংগ্রহকারী কিংবা সুপারভাইজার পদে বিবেচনা করা যাইবে না।
- (৭) তথ্য সংগ্রহকারী এবং সুপারভাইজারদের চূড়ান্ত তালিকা প্রজ্ঞাপন আকারে জারী করা হইবে এবং উহার অনুলিপি সংশ্লিষ্ট সকলের অবগতি ও পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য প্রেরণ করা হইবে।
- (৮) ডাটা এন্ট্রিঅপারেটর, টেকনিক্যাল ম্যানেজার ও প্রুফ রীডার নিয়োগের লক্ষ্যে কেন্দ্রীয়ভাবে কমিশন কর্তৃক পত্রিকায় ইচ্ছুক প্রার্থীদের নিজ নিজ জেলার নির্বাচন অফিসে তালিকাভুক্ত হইবার জন্য অনুরোধ করা হইবে।
- (৯) কমিশন নির্ধারিত বাছাই কমিটি কর্তৃক প্রতিটি জেলায় ব্যবহারিক পরীক্ষা গ্রহণ শেষে বিভিন্ন পদে নিয়োগের জন্য প্যানেল প্রস্তুত করা হইবে এবং প্যানেলভুক্ত প্রার্থীদের মধ্য হইতে মেধাক্রম অনুসারে লোকবল নিয়োগ দেয়া হইবে:
- তবে শর্ত থাকে যে, কোন জেলায় উপযুক্ত প্রার্থী পাওয়া না গেলে ঢাকা বা, ক্ষেত্রমত, পার্শ্ববর্তী কোন জেলা হইতে ডাটা এন্ট্রির বিভিন্ন পদে নিয়োগ বিবেচনা করা যাইবে।

৫। ভোটার রেজিস্ট্রেশন ইত্যাদি কাজে নিয়োজিত জনবলের কার্যের অধিক্ষেত্র ও দায়িত্ব।

- (১) রেজিস্ট্রেশন অফিসার তাহার স্ব স্ব অধিক্ষেত্রের ভোটার তালিকা প্রণয়ন সংক্রান্ত কার্যক্রমের শুরু হইতে সমাপ্তি পর্যন্ত যাবতীয় কাজের দায়িত্ব পালন করিবেন। তাহার সার্বিক নির্দেশনা, তদারকি ও তত্ত্বাবধানের মাধ্যমে ভোটার তালিকা প্রণয়ন সংক্রান্ত যাবতীয় কার্য সম্পাদিত হইবে। তিনি যে কোন ধরনের উদ্ভূত সমস্যা, যতদূর সম্ভব, নিজেই সমন্বয় কমিটির মাধ্যমে সমাধান করিবার চেষ্টা করিবেন। স্থানীয় পর্যায়ে সমাধান অসম্ভব হইলে স্ব-উদ্যোগে উহা অবিলম্বে কমিশনের গোচরীভূত করিবেন। রেজিস্ট্রেশন অফিসার কমিশন সচিবালয়ের সহিত নিয়মিত যোগাযোগ রক্ষা করিবেন এবং কাজের অগ্রগতির বিষয়ে নির্ধারিত সময়ের মধ্যে প্রতিবেদন দাখিল করিবেন।

(২) সহকারী রেজিস্ট্রেশন অফিসারের দায়িত্ব হইবে-

- (ক) রেজিস্ট্রেশন অফিসারের সার্বিক নির্দেশনা ও তত্ত্বাবধানে সুপারভাইজার ও তথ্য সংগ্রহকারীর কাজ তদারকী করা, ভোটার তালিকা প্রণয়ন, সংশোধন, পুনঃপরীক্ষা ও হালনাগাদকরণের জন্য তথ্য সংগ্রহকারী যে

সমস্ত ফরম পূরণ করিয়া থাকেন, উহা সঠিকভাবে করা হইয়াছে কিনা দ্রুত পর্যালোচনার মাধ্যমে তাহা নিরীক্ষা করা এবং যাবতীয় তথ্য সংশ্লিষ্ট রেজিস্টারে লিপিবদ্ধ করা হইতেছে কি না তাহা নিশ্চিত করা;

- (খ) তাহার জন্য নির্ধারিত ইউনিয়ন বা পৌর এলাকার নির্দিষ্ট ওয়ার্ডের ভোটার তালিকা প্রণয়ন সংক্রান্ত কাজের জন্য দায়িত্বপ্রাপ্ত থাকিবেন। তাহার এলাকাধীন সীমানা সম্পর্কে তাহার স্বচ্ছ ধারণা থাকিতে হইবে, যাহাতে পার্শ্ববর্তী এলাকার ভোটার তাহার এলাকার ভোটার তালিকাভুক্ত না হয় কিংবা নিজ এলাকার ভোটার হইবার যোগ্য কোন ব্যক্তি তালিকা হইতে বাদ না পড়েন;
- (গ) তিনি উপজেলা বা থানা নির্বাচন অফিস বা অন্য কোন নির্ধারিত স্থান হইতে প্রয়োজনীয় যাবতীয় মালামাল ও সামগ্রী সংগ্রহ করিবেন এবং তাহার অধীন সুপারভাইজার এবং তথ্য সংগ্রহকারীর মধ্যে উহা নির্ধারিত সময়ের মধ্যে বতিরণের ব্যবস্থা করিবেন।
- (৩) সুপারভাইজারগণ প্রতিদিন তথ্য সংগ্রহকারীদের কাজ তদারকি করিবেন। প্রথমে তিনি পর্যায়ক্রমে প্রত্যেক তথ্য সংগ্রহকারীর এলাকার নমুনা যাচাই করিবেন। দ্বিতীয় পর্যায়ে তথ্য সংগ্রহকারী কর্তৃক তথ্য সংগ্রহের কয়েকদিন পর তিনি পূরণকৃত ফরমের কিছু অংশ দৈবচয়নের ভিত্তিতে বাড়ী বাড়ী গমন করিয়া শুদ্ধতা যাচাই করিবেন এবং কোন ভুল ধরা পড়িলে তাহা শুদ্ধ করিবেন।
- (৪) প্রত্যেক তথ্য সংগ্রহকারী সুপারভাইজারের নিকট হইতে প্রয়োজনীয় ফরম ও অন্যান্য মালামাল সংগ্রহ করিয়া লইবেন, অতঃপর তাহার নির্ধারিত ভোটার এলাকায় বাড়ী বাড়ী গমন করিয়া নিম্নবর্ণিত দায়িত্ব পালন করিবেন, যথা: -
- (ক) ভোটার হইবার যোগ্য ব্যক্তিদের সনাক্তপূর্বক সংশ্লিষ্ট নিবন্ধন ফরম- ২ পূরণের ব্যবস্থা গ্রহণ করিবেন। সংশ্লিষ্ট ব্যক্তি যদি নিজেই ফরম পূরণে সক্ষম হন, তবে তিনি ফরম পূরণ করিবেন এবং ফরম পূরণে অপারগ হইলে তথ্য সংগ্রহকারী নিজ হাতে ফরম পূরণ করিয়া অন্যান্য আনুষ্ঠানিকতা সম্পন্ন করিবেন;
- (খ) নির্ধারিত রেজিস্টারে পরিদর্শিত বাড়ী, অধিবাসীদের তালিকা ও পূরণকৃত ফরমের সংখ্যা লিপিবদ্ধ করিবেন;
- (গ) রেজিস্ট্রেশন কেন্দ্রে যাইতে অপারগ শারীরিক প্রতিবন্ধী ও গুরুতর অসুস্থ ব্যক্তিদের নাম ও ঠিকানাসহ একটি তালিকা প্রস্তুত করিবেন এবং উক্ত তালিকা রেজিস্ট্রারে লিপিবদ্ধ রাখিবেন;
- (ঘ) ছবি তোলা ও আঙ্গুলের ছাপ প্রদানের জন্য নিবন্ধন ফরম পূরণকারী প্রত্যেক অধিবাসীকে রেজিস্ট্রেশন কেন্দ্রে গমনের জন্য ফরম- ৫ পূরণ করিয়া ভোটার স্লিপ প্রদান করিবেন যাহাতে তাহার নিবন্ধন ফরমের নম্বর, কেন্দ্রের নাম ও কেন্দ্র গমনের সময় উল্লেখ থাকিবে।
- (ঙ) একই বা পাশাপাশি ভোটার এলাকায় কর্মরত তথ্য সংগ্রহকারীগণ পরস্পরের সহিত সমন্বয় সাধন করিবেন যাহাতে ঐ এলাকার ওয়ার্ড

বা ইউনিয়ন বা কোন বাড়ী বা ব্যক্তি ভোটার তালিকা হইতে বাদ না পড়ে।

- (৫) শুদ্ধ ও নির্ভুলভাবে নিবন্ধন ফরমের তথ্য প্রতিটি অধিবাসীর নামের বিপরীতে নির্ধারিত সময়ের মধ্যে কম্পিউটারে এন্ট্রিকরা অপারেটরদের প্রধান কাজ। সংশ্লিষ্ট টীম লীডারের সহযোগিতায় ও টেকনিক্যাল ম্যানেজারের সার্বিক তত্ত্বাবধানে তাহারা ডাটা এন্ট্রির কাজ সম্পাদন করিবেন। এই কাজটি দুই পর্যায়ে একই দিনে সম্পন্ন করিতে হইবে। প্রথম পর্যায়ে অধিবাসীর উপস্থিতিতে ফরমের সহিত মিলাইয়া তাহার ফরম নম্বর, নাম, জন্ম তারিখ ও ভোটার এলাকা অপারেটর কর্তৃক মৌখিকভাবে জিজ্ঞাসাবাদের পর নিশ্চিত হইয়া ঐ তথ্যসমূহই শুধু কম্পিউটারে এন্ট্রি করা হইবে। একই সাথে তাহার ছবি, আঙ্গুলের ছাপ ও স্বাক্ষর ডিজিটাল পদ্ধতিতে ধারণ করিয়া প্রাথমিকভাবে ডাটা কম্পিউটারে সংরক্ষণ করা হইবে। অত্র পর অপারেটর কর্তৃক সংশ্লিষ্ট অধিবাসীর দুই আঙ্গুলের ছাপ নিবন্ধন ফরমের নির্দিষ্ট স্থানে সংগ্রহ করিয়া ফরমের উপরে পিন নম্বর লেখা না থাকিলে সেখানে পিন নম্বর লিপিবদ্ধ করিবার পর ফরমের প্রাপ্তি রশীদ অংশে নাম ও পিন নম্বর লিপিবদ্ধ করিয়া তথ্য সংগ্রহকারীর স্বাক্ষর গ্রহণপূর্বক ভোটারকে প্রদান করিবেন এবং ফরমটি পরবর্তী কার্যক্রমের জন্য অসম্পূর্ণ ডাটা ফাইলে সংরক্ষণ করিবেন। দিন শেষে অপারেটর নির্ধারিত স্থানে প্রতিদিন ডাটা এন্ট্রির অসমাপ্ত কাজ সমাপ্ত করিবেন।
- (৬) টীম লীডার তথ্য সংগ্রহকারী দল ও ডাটা এন্ট্রিদলের মধ্যে প্রধান সমন্বয়কারীর দায়িত্ব পালন করিবেন। সমন্বয় কাজের সুবিধার জন্য তথ্য সংগ্রহের সমাপ্তি ও ডাটা এন্ট্রিকাজের সুচনার মধ্যে ন্যূনপক্ষে ৩ দিনের একটি ব্যবধান রাখিতে হইবে যাহাতে সংগৃহীত ফরমগুলি বিভিন্ন পর্যায়ে যাচাই বাছাইয়ের পর ভোটার এলাকাভিত্তিক ধারাবাহিকভাবে সাজানো সম্ভব হয়। এই প্রক্রিয়া শেষে সহকারী রেজিস্ট্রেশন অফিসার বা সুপারভাইজার এর নিকট হইতে টীম লীডার ফরম সংগ্রহ করিয়া নিজে উহা যাচাই বাছাই করিবেন, রেজিস্ট্রেশন কেন্দ্রে অপেক্ষমান অধিবাসীদের প্রদত্ত ভোটার স্লিপে উল্লিখিত ফরম নম্বরের সহিত মিলাইয়া ফরম বাহির করিয়া অধিবাসী যাচাইকারীর স্বাক্ষর শেষে ফরমসহ তাহাদের নিবন্ধীকরণের জন্য ডাটা এন্ট্রিকক্ষে বসার ব্যবস্থা করিবেন। টীম লীডার দিন শেষে অথবা নির্দিষ্ট সময়ের মধ্যে সকল অপারেটরদের সংগৃহীত ডাটা সিডি বা পেন ড্রাইভে সংরক্ষণ করিবেন। এই পর্যায়ে টীম লীডার অপারেটরদের নিকট হইতে ফরম সংগ্রহপূর্বক উহা ভোটার এলাকাভিত্তিক সংকলন করিবেন। এই ফরমসমূহ সংশ্লিষ্ট নির্বাচন অফিসে নির্ধারিত সময়কাল পর্যন্ত সংরক্ষণ করিতে হইবে।
- (৭) ডাটা এন্ট্রি অপারেটর কর্তৃক সঠিকভাবে ও নির্ধারিত সময়ের মধ্যে ডাটা এন্ট্রির কাজ সম্পন্ন করা, এন্ট্রিকৃত ফাইলসমূহ পেন ড্রাইভে বা অন্য কোনভাবে হস্তান্তর ও ল্যাপটপের ডাটা উপজেলা সার্ভারে সংরক্ষণ টেকনিক্যাল ম্যানেজারের প্রধান দায়িত্ব। কোথাও কোন যান্ত্রিক ত্রুটি দেখা দিলে উহার দ্রুত সমাধানও তাহার দায়িত্ব। ডাটা এন্ট্রিকার্যক্রমের খুঁটিনাটি সকল বিষয়ের তদারকি ও সমন্বয় শেষে সফলভাবে নির্ভুল তথ্য উপজেলা,

ক্ষেত্রমত, থানা সার্ভারে প্রেরণ করা পর্যন্ত সকল দায়িত্ব টেকনিক্যাল ম্যানেজারের উপর ন্যস্ত থাকিবে।

- (৮) প্রুফ রীডার ফরমে প্রদত্ত তথ্য কম্পিউটারে ধারণকৃত ডাটা ও ছবির সহিত মিলাইয়া নারী-পুরুষ যাচাই করিবেন, বানান শুদ্ধিকরণ, ছবি, আংগুলের ছাপ ও স্বাক্ষরের গুণগত মান যাচাই ও ত্রুটিপূর্ণ ডাটা অবলোপনের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে সুপারিশ করিবেন।

৬। ভোটার রেজিস্ট্রেশন, ইত্যাদি কাজে নিয়োজিত জনবলের প্রশিক্ষণ। - নিবন্ধন কার্যক্রম শুরু হইবার পূর্বে ভোটার তালিকা প্রণয়ন কার্যের শুরু হইতে সমাপ্তি পর্যন্ত নিয়োজিত লোকবলকে বিভিন্ন পর্যায়ে নিম্নোক্তভাবে প্রশিক্ষণের ব্যবস্থা করা হইবে, যথা :-

- (ক) প্রথম পর্যায়ে ঢাকায় অবস্থিত নির্বাচনী প্রশিক্ষণ ইনস্টিটিউটে পর্যায়ক্রমে নির্বাচন কমিশন সচিবালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তা এবং জেলা ও উপজেলা নির্বাচন কর্মকর্তাগণকে সমগ্র রেজিস্ট্রেশন প্রক্রিয়ার উপর একটি সার্বিক ধারণা প্রদানসহ রেজিস্ট্রেশনের সমুদয় খুঁটিনাটি বিষয়াদির উপর নিবিড় প্রশিক্ষণ প্রদান করা হইবে, প্রশিক্ষণপ্রাপ্ত কর্মকর্তাগণ তাহাদের কর্মস্থলে প্রত্যাবর্তন করিয়া সহকারী রেজিস্ট্রেশন অফিসার, সুপারভাইজার এবং তথ্য সংগ্রহকারীদের প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করিবেন;
- (খ) দ্বিতীয় পর্যায়ে প্রত্যেক রেজিস্ট্রেশন অফিসার সংশ্লিষ্ট সমন্বয় কমিটির সহায়তায় তাহার নিয়ন্ত্রণাধীন সকল সহকারী রেজিস্ট্রেশন অফিসারের সহিত এক প্রশিক্ষণে মিলিত হইবেন এবং ভোটার রেজিস্ট্রেশনের সম্পূর্ণ পদ্ধতি বিশদভাবে আলোচনা করিবেন;
- (গ) তৃতীয় পর্যায়ে কেন্দ্রীয়ভাবে প্রশিক্ষণপ্রাপ্ত জেলা ও উপজেলা নির্বাচন কর্মকর্তাগণ সুপারভাইজার এবং তথ্য সংগ্রহকারীদের হাতে কলমে প্রশিক্ষণ প্রদান করিবেন। প্রশিক্ষণকালে প্রত্যেক তথ্য সংগ্রহকারী এবং সুপারভাইজার নির্ভুলভাবে ফরম পূরণের প্রশিক্ষণ গ্রহণ করিবেন এবং প্রশিক্ষণ শেষে প্রয়োজনে পরীক্ষা দিবেন;
- (ঘ) নির্বাচনী প্রশিক্ষণ ইনস্টিটিউটে ডাটা এন্ট্রি বিষয়ে টেকনিক্যাল ম্যানেজারদের প্রশিক্ষণ দেওয়া হইবে, যাহারা পরবর্তী সময়ে মাঠ পর্যায়ে জেলা নির্বাচন কর্মকর্তা ও উপজেলা নির্বাচন কর্মকর্তার সহযোগিতায় ডাটা এন্ট্রি অপারেটরদের প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহণ করিবেন।

৭। রেজিস্ট্রেশন মালামাল ও সামগ্রী সরবরাহ। - (১) প্রত্যেক রেজিস্ট্রেশন অফিসারকে তাহার জন্য নির্ধারিত এলাকার সম্ভাব্য ভোটার সংখ্যা অনুপাতে প্রয়োজনীয় সংখ্যক ফরম, প্যাকেট, ম্যানুয়েল ইত্যাদি মালামাল তথ্য সংগ্রহ শুরুর অন্ত্যন ১৫ দিন পূর্বে নির্বাচন কমিশন সচিবালয় হইতে সংগ্রহ করিতে হইবে বা ক্ষেত্র বিশেষে কিছু মালামাল কমিশন সচিবালয়ের নির্দেশ অনুযায়ী স্থানীয়ভাবে সংগ্রহ করিতে হইবে। একইভাবে ডাটা এন্ট্রির

জন্য প্রয়োজনীয় সংখ্যক ল্যাপটপ ও অন্যান্য আনুষংগিক যন্ত্রপাতি নির্বাচন কমিশন সচিবালয় হইতে সংগ্রহ করিতে হইবে।

(২) সহকারী রেজিস্ট্রেশন অফিসার একইভাবে কার্যক্রম শুরুর অনূ্যন এক সপ্তাহ পূর্বে সংশ্লিষ্ট উপজেলা নির্বাচন কর্মকর্তার নিকট হইতে সম্ভাব্য যাবতীয় মালামাল সংগ্রহ করিবেন। সহকারী রেজিস্ট্রেশন অফিসার তাহাদের অধীন সকল সুপারভাইজার এবং তথ্য সংগ্রহকারীর নিকট তথ্য সংগ্রহের অনূ্যন তিন দিন পূর্বে যাবতীয় মালামাল হস্তান্তর করিবেন।

৮। প্রশাসনিক এলাকাভিত্তিক সমন্বয় কমিটি গঠন। - (১) ভোটার রেজিস্ট্রেশন ও ভোটার তালিকা প্রণয়ন, সংশোধন, পুনঃপরীক্ষা ও হালনাগাদকরণ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে প্রশাসনিক বিভাগ, জেলা, উপজেলা, সিটি কর্পোরেশন, সিটি কর্পোরেশনের অঞ্চল ও ক্যান্টনমেন্ট বোর্ড এলাকায় যথাক্রমে সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক, উপজেলা নির্বাহী অফিসার, উপ নির্বাচন কমিশনার, সিটি কর্পোরেশনের আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা এবং ক্যান্টনমেন্ট এঞ্জিনিকিউটিভ অফিসারের নেতৃত্বে সমন্বয় কমিটি গঠন করা হইবে।

(২) কমিশন নিবন্ধন কার্যক্রম শুরুর পূর্বে বা, ক্ষেত্রমত, কোন বিশেষ এলাকায় কার্যক্রম শুরুর পূর্বে, কার্যপরিধি নির্ধারণপূর্বক উপ-বিধি (১) এ উল্লিখিত কমিটি গঠন করিবেন।

৯। তত্ত্বাবধান ও তদারকি টীম গঠন এবং কার্যপরিধি।- (১) সুষ্ঠুভাবে ভোটার রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করার লক্ষ্যে সংশ্লিষ্ট ইউনিয়ন বা, ক্ষেত্রমত, পৌরসভার চেয়ারম্যান ও তাহার নিকটতম দুই জন প্রতিদ্বন্দী প্রার্থী, পূর্ববর্তী নির্বাচনে বিজয়ী চেয়ারম্যান ও নিকটতম দুই জন প্রতিদ্বন্দী প্রার্থী, সংশ্লিষ্ট সাধারণ বা সংরক্ষিত ওয়ার্ড মেম্বার বা কমিশনার ও উক্ত পদে নিকটতম দুই জন প্রতিদ্বন্দী প্রার্থী, পূর্ববর্তী নির্বাচনে ঐ সকল পদে বিজয়ী প্রার্থী ও তাহাদের নিকটতম দুই জন প্রতিদ্বন্দী প্রার্থী এবং অরাজনৈতিক স্থানীয় গণ্যমান্য ব্যক্তি সহযোগে তত্ত্বাবধান ও তদারকি টীম গঠন করা হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন গঠিত কমিটি সত্ত্বেও পার্বত্য জেলায় সুষ্ঠুভাবে ভোটার নিবন্ধন কার্যক্রম সম্পন্ন করিবার জন্য সংশ্লিষ্ট এলাকার পার্বত্য জেলা পরিষদের চেয়ারম্যানের মনোনীত সদস্য, সার্কেল প্রধানের প্রতিনিধি, হেডম্যান বা কারবারি, গণ্যমান্য উপজাতীয় ব্যক্তিবর্গ এবং অরাজনৈতিক স্থানীয় গণ্যমান্য বা জনপরিচিতিসম্পন্ন ব্যক্তিদেরও উক্ত টীমে অন্তর্ভুক্ত করা হইবে।

(৩) তত্ত্বাবধান ও তদারকি টীমের সদস্যদের, সংশ্লিষ্ট এলাকায়, কার্যপরিধি নিম্নরূপ হইবে, যথা :-

- (ক) তথ্যদাতা কর্তৃক প্রদত্ত তথ্য যাচাই করিয়া নিবন্ধন ফরমের নির্ধারিত স্থানে স্বাক্ষর করা;
- (খ) ফরম পূরণকালে কোন বাড়ীতে সনাক্তকারী পাওয়া না গেলে সনাক্তকারী হিসাবে স্বাক্ষর করা;
- (গ) নির্ধারিত ভোটার এলাকা বা রেজিস্ট্রেশন কেন্দ্র বা ওয়ার্ড বা ইউনিয়ন বা পৌরসভা অথবা সিটি কর্পোরেশনের ভোটার রেজিস্ট্রেশন ও ভোটার তালিকা প্রস্তুত সংক্রান্ত কার্যক্রম সম্পন্ন হইবার পর প্রত্যয়নপত্র প্রদান এবং সংগৃহীত তথ্যের ভিত্তিতে প্রস্তুতকৃত খসড়া ভোটার তালিকায় সকল সদস্যগণ কর্তৃক স্বাক্ষর প্রদান, তবে কোন সদস্য স্বাক্ষর করিতে না চাহিলে উহার কারণ লিপিবদ্ধ করিতে হইবে;
- (ঘ) নিবন্ধন কার্যক্রম চলাকালে রেজিস্ট্রেশন কেন্দ্রে সদস্যগণকে পালাক্রমে রেজিস্ট্রেশন কেন্দ্রে উপস্থিত থাকিয়া তথ্য যাচাই বা সনাক্তকরণ এবং ছবি তোলায় কাজে সহযোগিতা করা;
- (ঙ) কোন রেজিস্ট্রেশন কেন্দ্রে কোন সদস্য উপস্থিত থাকিবেন উহা নির্ধারণ করা;
- (চ) পার্বত্য এলাকায় দফা (ক) হইতে দফা (ঙ) তে উল্লিখিত কার্যাবলী ছাড়াও কোন ভোটার উপজাতীয় বা অউপজাতীয় কিনা অথবা উপজাতীয় হইলে কোন গোত্রের উহা চিহ্নিত করা, প্রয়োজনে, হেডম্যান বা কারবারী বা পৌরসভা চেয়ারম্যান বা কমিশনার বা ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের বা অন্য কোন প্রধান বা প্রতিনিধির সত্যায়নের ভিত্তিতে উহা নির্ধারণ করা; এবং
- (ছ) ওয়ার্ড বা ভোটার এলাকার সীমানা চিহ্নিতকরণ, প্রচার-প্রচারণা ও সমন্বয় কমিটিকে সহায়তা প্রদানসহ ভোটার নিবন্ধন কাজে সহযোগিতার জন্য নির্বাচন কমিশন কর্তৃক নির্ধারিত দায়িত্ব পালন করা।

১০। ভোটার এলাকা চূড়ান্তকরণ ও কোড নম্বর প্রদান।- (১) নতুন ভোটার এলাকা গঠন অথবা জেলা, উপজেলা, সিটি কর্পোরেশন, পৌরসভা, ইউনিয়ন বা ওয়ার্ডের সীমানা পরিবর্তন ও পুনর্বিন্যাস কিংবা এলাকা পুনর্বিন্যাসের প্রয়োজন হইলে, কমিশন কর্তৃক নীতিমালা অনুসারে, নিবন্ধন কার্যক্রম শুরু হইবার পূর্বেই উহা সম্পন্ন করিতে হইবে এবং প্রতিটি ভোটার এলাকার জন্য নির্ধারিত পদ্ধতিতে কোড নম্বর প্রদান করিতে হইবে।

১১। রেজিস্ট্রেশন কেন্দ্রের তালিকা।- কমিশন জাতীয় সংসদ ও স্থানীয় সংস্থাসমূহের নির্বাচনের জন্য তালিকাভুক্ত ভোট কেন্দ্রসমূহকে ভোটার রেজিস্ট্রেশন কেন্দ্র হিসাবে ব্যবহার করিবেন :

তবে শর্ত থাকে যে, কোন কেন্দ্র রেজিস্ট্রেশন কাজের জন্য কমিশন কর্তৃক অনুপযোগী বিবেচিত হইলে ডাটা এন্ট্রির কাজ শুরু হইবার অন্ত্যন ১৫ দিন পূর্বে উহা পরিবর্তন করিয়া নতুন কেন্দ্র নির্ধারণ করিতে হইবে এবং জেলা রেজিস্ট্রেশন অফিসার কর্তৃক বিজ্ঞপ্তির মাধ্যমে উহা সকলকে অবহিত করিতে হইবে :

তবে আরও শর্ত থাকে যে, প্রয়োজনবোধে রেজিস্ট্রেশন অফিসার সুবিধাজনক স্থানে আরও কেন্দ্র স্থাপন করিতে পারিবেন।

১২। রেজিস্ট্রেশন সময়সূচী ঘোষণা।- কমিশন ভোটার এলাকাভিত্তিক ভোটার রেজিস্ট্রেশনের সময়সূচী ঘোষণা করিবেন যাহাতে তথ্য সংগ্রহ শুরু ও সমাপ্তি এবং ডাটা এন্ট্রির কাজ শুরু ও সমাপ্তির সুনির্দিষ্ট তারিখ উল্লেখ থাকিবে। তথ্য সংগ্রহ সমাপ্তি ও ডাটা এন্ট্রি শুরুর মধ্যে ন্যূনপক্ষে তিন দিনের ব্যবধান রাখিতে হইবে যাহাতে উভয় প্রক্রিয়ার কাজের সুষ্ঠু সমন্বয় সম্ভব হয়।

১৩। ভোটার তালিকার ফরম, ভাষা ও বিন্যাস।- (১) প্রত্যেক এলাকার জন্য ছবিসহ ভোটার তালিকা ফরম- ১ এ হইবে।

(২) ভোটার তালিকা বাংলায় প্রণীত হইবে।

(৩) কমিশনের নির্দেশ মোতাবেক প্রত্যেক ভোটার এলাকার জন্য ভোটার তালিকা সুবিধাজনক অংশে বিভক্ত করা যাইবে এবং বিভক্তকৃত তালিকাভুক্ত নামগুলি ক্রমানুসারে চিহ্নিত করা হইবে।

১৪। ডিজিটাল পদ্ধতিতে ছবিসহ ভোটার তালিকা প্রণয়ন। - কোন এলাকার জন্য ভোটার রেজিস্ট্রেশন এবং ভোটার তালিকা প্রণয়নের উদ্দেশ্যে, রেজিস্ট্রেশন অফিসার দ্বারা ৭(১) এর বিধান অনুযায়ী ভোটার হইবার যোগ্য প্রত্যেক অধিবাসীর নিকট হইতে নিবন্ধন ফরম ২-এ বিধি-১৬ মোতাবেক তথ্য সংগ্রহপূর্বক তাহার ছবি, আঙ্গুলের ছাপ ও স্বাক্ষরসহ সম্পূর্ণ তথ্য ডিজিটাল পদ্ধতিতে কম্পিউটারে সংরক্ষণ করিবার ব্যবস্থা গ্রহণ করিবেন।

১৫। কতিপয় ব্যক্তির বিবরণী। - (১) সরকারী চাকুরীরত বা সরকারী পদে অধিষ্ঠিত কোন ব্যক্তি চাকুরীরত না থাকিলে বা অনুরূপ সরকারী পদে অধিষ্ঠিত না থাকিলে যে এলাকার অধিবাসী থাকিতেন, তিনি এবং তাহাদের সহিত বসবাসরত স্বামী বা স্ত্রী ও পুত্র-কন্যা অধ্যাদেশের দ্বারা ৮ (৩) এর বিধান অনুযায়ী সেই এলাকার ভোটার হিসাবে তালিকাভুক্ত হইবার জন্য ফরম- ৩ এ রেজিস্ট্রেশন অফিসারের নিকট আবেদন করিতে পারিবেন।

(২) রেজিস্ট্রেশন অফিসার যদি সন্তুষ্ট হন যে, আবেদনকারী উপ-বিধি (১) এর অধীন আবেদন করিবার অধিকারী, তাহা হইলে তিনি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পূরণকৃত ফরম- ২ আবেদনে উল্লিখিত এলাকার রেজিস্ট্রেশন অফিসারের নিকট প্রেরণ করিবেন।

১৬। রেজিস্ট্রেশনের পদ্ধতি। - তথ্য সংগ্রহ হইতে শুরু করিয়া খসড়া ভোটার তালিকা ডিভিডি-তে সংরক্ষণ ও পিডিএফ ফরমেটে রাইট করা পর্যন্ত সমগ্র প্রক্রিয়াটি নিম্নবর্ণিত পর্যায়ক্রমিক ধাপে নিষ্পন্ন করিতে হইবে, যথা :-

(ক) ল্যাপটপে তথ্য সংগ্রহের কমপক্ষে সাত দিন পূর্বে সহকারী রেজিস্ট্রেশন অফিসার সুপারভাইজারদের মাধ্যমে তথ্য সংগ্রহকারীদের নিকট নিবন্ধন ফরম

বিতরণ করিবেন এবং তথ্য সংগ্রহকারীগণ বাড়ী বাড়ী গমন করিয়া ফরম বিতরণ, তথ্য সংগ্রহ ও ফরম পূরণ করিয়া নিম্নোক্ত কার্যাদি সম্পন্ন করিবেন-

- (অ) তথ্য সংগ্রহকারী উক্তরূপ তথ্য সংগ্রহের পর সংশ্লিষ্ট ব্যক্তিকে রেজিস্ট্রেশন কেন্দ্রে আসার তারিখ জানাইবেন;
- (আ) তথ্য সংগ্রহকারী পূরণকৃত ফরম ল্যাপটপে তথ্য সংগ্রহের কমপক্ষে তিন দিন পূর্বে সহকারী রেজিস্ট্রেশন অফিসার বা সুপারভাইজারের কাছে জমা দিবেন;
- (ই) তথ্য সংগ্রহকারী সংশ্লিষ্ট এলাকার শারীরিক প্রতিবন্ধী ও গুরুতর অসুস্থ ব্যক্তিদের একটি তালিকা প্রস্তুত করিয়া সহকারী রেজিস্ট্রেশন অফিসার বা সুপারভাইজারের নিকট প্রেরণ করিবেন;
- (খ) সহকারী রেজিস্ট্রেশন অফিসার বা সুপারভাইজার তথ্য সংগ্রহকারী কর্তৃক সংগৃহীত তথ্য যাচাই করিবেন এবং অনুরূপ যাচাইয়ের পর ফরমের সকল ডাটাফিল্ড শুদ্ধরূপে পূরণ করা হইয়াছে মর্মে নিশ্চিত হইয়া ফরমগুলি রেজিস্ট্রেশনের জন্য টীম লিডারের কাছে প্রেরণ করিবেন;
- (গ) টীম লীডার যাচাইকৃত ফরম নির্ধারিত রেজিস্টারে ফরম- ৪ লিপিবদ্ধ করত: উহা নিবন্ধনের জন্য রেজিস্ট্রেশন কেন্দ্রে প্রেরণ করিবেন;
- (ঘ) রেজিস্ট্রেশনের জন্য আগত অধিবাসীদের নিকট রক্ষিত ভোটার স্লিপ ফরম- ৫ এর নম্বরের সহিত নিবন্ধন ফরম নম্বর মিলাইয়া টীম লীডার ফরম বাহির করিয়া যাচাইকারীর দস্তখত গ্রহণান্তে ফরমসহ তাহাদের নিবন্ধনের জন্য ল্যাপটপ অপারেটরের নিকট প্রেরণ করিবেন এবং অপারেটর নিম্নোক্ত কার্যাদি সম্পন্ন করিবেন-
 - (অ) অপারেটর ফরমে লিপিবদ্ধ তথ্য যাচাই করিয়া প্রাথমিক তথ্যাদি যথা ফরম নম্বর, নাম, জন্ম তারিখ, ভোটার এলাকা, ভোটারের ছবি, আঙ্গুলের ছাপ ও স্বাক্ষরের গুণগত মান নিশ্চিত করিয়া তাহা কম্পিউটারে গ্রহণ করিবেন। অতপর নিবন্ধন ফরমের নির্দিষ্টস্থানে ভোটারের আঙ্গুলের ছাপ গ্রহণ করিবেন;
 - (আ) অপারেটর প্রাথমিক ডাটা ও বায়োমেট্রিক কম্পিউটারে এন্ট্রিশেষে নিবন্ধন ফরমে উপরের অংশে পিন নম্বর লিখিবেন এবং ফরমের নীচের অংশে নাম ও পিন নম্বর ভোটারকে প্রদান করিবেন এবং ফরমটি অসম্পূর্ণ ডাটা ফাইলে সংরক্ষণ করিবেন;
 - (ই) টীম লীডার দিনের শেষে বা নির্দিষ্ট সময় পর সকল অপারেটরদের সংগৃহীত ডাটা সিডি ও পেন ড্রাইভে সংরক্ষণ করিবেন এবং রেজিস্ট্রেশন কেন্দ্রে অবস্থানকালীন কোন সময় ভোটার উপস্থিত না থাকিলে ইতিপূর্বে অসম্পূর্ণভাবে সংরক্ষিত ডাটা এন্ট্রির কাজ সম্পন্ন করিবেন;
- (ঙ) অপারেটর প্রতিদিন ফরমের ডাটা এন্ট্রি সম্পন্ন করিবেন এবং টীম লীডার ডাটাসমূহের সম্পূর্ণতা যাচাই করিয়া ডাটাসমূহ পেন ড্রাইভে স্থানান্তর করিবেন। অতপর তিনি অপারেটরের নিকট হইতে ফরম সংগ্রহ করিবেন এবং

টেকনিক্যাল ম্যানেজার টিম লীডার প্রদত্ত ডাটাসম্বলিত পেন ড্রাইভে ভাইরাস পরীক্ষা করিবেন ও ল্যাপটপ স্ক্যান করিয়া ফরমসহ ল্যাপটপের ডাটা উপজেলা বা, ক্ষেত্রমত, থানা সার্ভারে সংরক্ষণ করিবেন;

- (চ) প্রুফ রীডারগণ ফরমে লিপিবদ্ধ তথ্যের সাথে বানান ও জন্ম তারিখসহ কম্পিউটারে সংরক্ষিত তথ্য এবং উক্ত তথ্যের সহিত ছবি মিলাইয়া নারী-পুরুষ যাচাই করিবেন। বানান শুদ্ধিকরণসহ ছবি, আঙ্গুলের ছাপ ও স্বাক্ষরের গুণগত মান যাচাইপূর্বক তাহারা এতদসম্পর্কিত ত্রুটিপূর্ণ ডাটা অবলোপনের জন্যও রেজিস্ট্রেশন অফিসারকে পরামর্শ দিতে পারিবেন। প্রয়োজনে তাহারা ত্রুটিপূর্ণ ছবি, আঙ্গুলের ছাপ ও স্বাক্ষর সম্বলিত এন্ট্রি শুদ্ধিকরণের জন্য সংশ্লিষ্ট ফরমসমূহ সংশ্লিষ্ট সহকারী রেজিস্ট্রেশন অফিসার বা সুপারভাইজারদের নিকট প্রেরণ করিয়া তাহাদের নিবন্ধনের পুনঃব্যবস্থা নিতে পারেন। একইভাবে তথ্য সম্পর্কিত ত্রুটিপূর্ণ ফরমসমূহ শুদ্ধিকরণের জন্য পূর্বোল্লিখিত কর্মকর্তাদের কাছে পাঠাইতে পারেন। সহকারী রেজিস্ট্রেশন অফিসার কর্তৃক শুদ্ধকৃত ফরমসমূহ টিম লীডার কর্তৃক গ্রহণপূর্বক ডাটাবেজে শুদ্ধিকরণ সমাপ্ত করিতে হইবে;
- (ছ) নির্দিষ্ট এলাকার নিবন্ধন পর্ব শেষে ঐ এলাকার একটি সম্পূর্ণ তালিকা শুদ্ধতা যাচাইয়ের জন্য সংশ্লিষ্ট সহকারী রেজিস্ট্রেশন অফিসার বা সুপারভাইজারের নিকট প্রেরণ করা হইবে এবং তাহারা স্থানীয় প্রতিনিধিদের মাধ্যমে ভোটার এলাকাভিত্তিক প্রুফ ভোটার তালিকা যাচাই বা নিরীক্ষা এবং যথার্থতা উল্লেখপূর্বক স্বাক্ষর করত: তাহা টেকনিক্যাল ম্যানেজারের নিকট হস্তান্তর করিবেন;
- (জ) টেকনিক্যাল ম্যানেজার সার্ভারে তথ্য প্রেরণপূর্বক সংশ্লিষ্ট ফরমসমূহ রেজিস্ট্রেশন অফিসারের নিকট হস্তান্তরের ব্যবস্থা করিবেন। ত্রুটিপূর্ণ ডাটা হস্তান্তর করা হইবে না এবং উহাদের ত্রুটি নির্ণয়ের পর সংশোধনের জন্য তাহা সহকারী রেজিস্ট্রেশন অফিসার বা সুপারভাইজারের নিকট টিম লীডার কর্তৃক প্রেরণ করা হইবে;
- (ঝ) টিম লীডারের নিকট হইতে প্রাপ্ত ফরমসমূহ সহকারী রেজিস্ট্রেশন অফিসার বা সুপারভাইজার কর্তৃক পুনঃযাচাই ও শুদ্ধিকরণের পর তাহা টিম লীডার বা টেকনিক্যাল ম্যানেজারের নিকট হস্তান্তর করা হইবে। ছবি, স্বাক্ষর এবং আঙ্গুলের ছাপ সম্পর্কিত ত্রুটিপূর্ণ ফরমসমূহ সংশ্লিষ্ট তথ্য সংগ্রহকারীর মাধ্যমে পুনঃনিবন্ধনের জন্য সংশ্লিষ্ট অধিবাসীকে পুনরায় রেজিস্ট্রেশন কেন্দ্রে আনার ব্যবস্থা করিতে হইবে। রেজিস্ট্রেশন কেন্দ্রবন্ধ হওয়ার ক্ষেত্রে সংশ্লিষ্ট অধিবাসীকে উপজেলা ক্ষেত্রমত থানা রেজিস্ট্রেশন কেন্দ্রে সংশোধনের কাজ সম্পন্ন করিতে হইবে।

১৭। রেজিস্ট্রেশনকেন্দ্রেআগমনে অপারগ ব্যক্তিবর্গের নিবন্ধন।- (১) তথ্য সংগ্রহকারী তাহার এলাকাধীন নিবন্ধনের জন্য কেন্দ্রে আগমনে অপারগ শারীরিক প্রতিবন্ধী ও গুরুতর অসুস্থ ব্যক্তির নাম ও ঠিকানা পৃথকভাবে সংশ্লিষ্ট রেজিস্টারে তালিকাভুক্ত করিয়া তাহাদের

নিবন্ধন ফরম পূরণ করিবেন এবং নিবন্ধন ফরমসমূহ সংশ্লিষ্ট সুপারভাইজারের মাধ্যমে সহকারী রেজিস্ট্রেশন অফিসার বরাবরে প্রেরণ করিবে। সংশ্লিষ্ট এলাকার তথ্য সংগ্রহের কাজ সমাপ্ত হইবার পর রেজিস্ট্রেশন বা সহকারী রেজিস্ট্রেশন অফিসার ভোটার এলাকা অনুযায়ী ঐ সমস্ত তালিকা একীভূত করিয়া তাহার আওতাধীন এলাকার একটি পূর্ণাঙ্গ তালিকা প্রস্তুত করিবেন।

(২) উপ-বিধি (১) এর অধীন তালিকাভুক্ত অধিবাসীদের হাসপাতাল বা বসতবাড়ীর অবস্থান বিবেচনাপূর্বক সংশ্লিষ্ট বাড়ী বা হাসপাতালে গমন করিয়া তাহাদের ছবি, আঙ্গুলের ছাপ ও স্বাক্ষর সংগ্রহের জন্য প্রয়োজনীয় সংখ্যক মোবাইল টীম গঠন করা হইবে এবং নিবন্ধনের কাজ সুসম্পন্ন করার জন্য বিধি ১৬-তে উল্লেখিত অন্যান্য পদক্ষেপ গ্রহণ করা হইবে।

১৮। জেলখানা বা অন্য কোন আইনগত হেফাজতে আটক ব্যক্তিদের নিবন্ধন।- (১) কোন ব্যক্তি জেলখানা বা অন্য কোন আইনগত হেফাজতে আটক না থাকিলে যে ভোটার এলাকায় বসবাস করিতেন তিনি সেই এলাকার অধিবাসী বলিয়া গণ্য হইবেন এবং সেই স্থানের ভোটার তালিকায় তাহার নাম অন্তর্ভুক্ত হইবে।

(২) প্রত্যেক রেজিস্ট্রেশন অফিসার তাহার দায়িত্বপ্রাপ্ত এলাকায় অবস্থিত জেলখানা বা অন্য কোন আইনগত হেফাজতস্থলে আটক ব্যক্তিবর্গের নির্ধারিত ছকে নিম্নলিখিত তথ্যাদি সংশ্লিষ্ট জেল কর্তৃপক্ষ বা উপযুক্ত আইন প্রয়োগকারী কর্তৃপক্ষের নিকট হইতে সংগ্রহ করিবেন এবং একটি তালিকা প্রস্তুত করিবেন :

(ক) আটক ব্যক্তির নাম;

(খ) কারাগারের নাম

(গ) যে ভোটার এলাকায় তালিকাভুক্ত হইতে ইচ্ছুক সেই স্থানের পূর্ণাঙ্গ ঠিকানা।

(৩) রেজিস্ট্রেশন অফিসার উপ-বিধি (২) এর অধীন প্রাপ্ত তালিকায় আটক ব্যক্তিদের ইচ্ছানুযায়ী নিবন্ধনের জন্য তাহাদের জেলাভিত্তিক তালিকা প্রস্তুত করিয়া নিবন্ধন ফরম এর জন্য চাহিদা সংশ্লিষ্ট রেজিস্ট্রেশন অফিসারের বরাবর প্রেরণ করিবেন।

(৪) রেজিস্ট্রেশন অফিসার তাহার দায়িত্বপ্রাপ্ত জেলার জেলখানা এবং অন্যান্য জেলার জেলখানায় আটক ব্যক্তিদের মধ্য হইতে যাহারা তাহার দায়িত্বপ্রাপ্ত জেলায় নিবন্ধিত হইতে চাহেন তাহাদের একটি পূর্ণাঙ্গ তালিকা প্রস্তুত করিবেন।

(৫) রেজিস্ট্রেশন অফিসার নিজ জেলার তথ্য সংগ্রহের কাজ সমাপ্ত হইবার পর তাহার আওতাধীন এলাকায় অবস্থিত জেলখানার সকল কয়েদী বা অন্য কোন আইনগত হেফাজতে আটক ব্যক্তিদের নিবন্ধন ফরম (জেলা ভিত্তিক) প্রাপ্তি নিশ্চিত করিবেন। অত্র পর জেলখানার অবস্থান বা আইনগত হেফাজতস্থল অনুযায়ী সহকারী রেজিস্ট্রেশন

অফিসারের দায়িত্বে নিয়োজিত তথ্য সংগ্রহকারীদের দ্বারা নিবন্ধন ফরম পূরণ করাইবেন।

(৬) রেজিস্ট্রেশন অফিসার তাহার আওতাধীন এলাকার সাধারণ অধিবাসীদের নিবন্ধন কার্য সমাপ্ত হইবার পর ঐ এলাকায় অবস্থিত জেলখানা কিংবা ক্ষেত্রমত হেফাজতকারী কর্তৃপক্ষের সহিত পরামর্শক্রমে মোবাইল টিম প্রেরণপূর্বক ইতিমধ্যে প্রস্তুতকৃত তালিকা অনুযায়ী ব্যক্তির ছবি, আঙ্গুলের ছাপ ও স্বাক্ষর গ্রহণ সম্পন্ন করিবেন। জেলখানায় বা অন্য কোন আইনগত হেফাজতে আটক ব্যক্তির রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করিবার লক্ষ্যে নিবন্ধন ফরমে সনাক্তকারী হিসাবে জেলখানার কোন কর্মকর্তা বা কর্মচারী বা কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত কোন ব্যক্তি বা হাজতী বা কয়েদীকে স্বাক্ষর এবং যাচাইকারী হিসাবে কারা অধিদপ্তর বা এর অধীনস্থ দপ্তরের বা জেলখানার কোন কর্মকর্তাকে স্বাক্ষর করিতে হইবে।

(৭) নিবন্ধন ফরম পূরণের পর রেজিস্ট্রেশন অফিসার নিজ আওতাধীন এলাকায় অবস্থিত জেলখানায় অবস্থানরত ভিন্ন জেলার আটক ব্যক্তিদের স্বাক্ষরকৃত ফরম ও বায়োমেট্রিক ডাটা ডিভিডি/ পেন ড্রাইভে স্থানান্তর করিয়া সংশ্লিষ্ট রেজিস্ট্রেশন অফিসারের নিকট এবং নিজ জেলার কয়েদীদের জন্য ভোটার এলাকা অনুযায়ী সংশ্লিষ্ট সহকারী রেজিস্ট্রেশন অফিসারের নিকট প্রেরণ করিবেন। এইরূপে প্রাপ্ত বায়োমেট্রিক ডাটা ও পূরণকৃত স্বাক্ষরযুক্ত ফরম সংশ্লিষ্ট ভোটার এলাকার ভোটারদের তালিকার সহিত যথাযথভাবে সমন্বয় করিতে হইবে।

১৯। **প্রাথমিক প্রকাশনা।-** (১) কোন এলাকার জন্য খসড়া ভোটার তালিকা প্রস্তুত হইবার পর, যত শীঘ্র সম্ভব, রেজিস্ট্রেশন অফিসার উহা ফরম-১ অনুযায়ী সংকলনপূর্বক দাবী ও আপত্তি আহ্বান করিয়া একটি নোটিশসহ তাহার অফিসে এবং কমিশনের নির্দেশ মোতাবেক অন্য কোন স্থানে বা স্থানসমূহে প্রকাশ করিবেন এবং উক্ত নোটিশে ধারা ৭ এর অধীন অনুরূপ দাবী ও আপত্তি দাখিলের সময়সীমা স্পষ্টভাবে উল্লেখ থাকিবে।

(২) উপ-বিধি (১)-এ উল্লিখিত প্রত্যেক ভোটার এলাকার জন্য খসড়া ভোটার তালিকা বিধি ১৬, ১৭ ও ১৮ এর অধীন প্রাপ্ত বিবরণীসমূহের ভিত্তিতে প্রস্তুত হইবে;

(৩) বিধি ১৬, ১৭ ও ১৮-তে যাহা কিছুই থাকুক না কেন, যেইক্ষেত্রে কমিশনের মতে, কোন ভোটার এলাকার জন্য ভোটার তালিকা প্রণয়নে বিধিসমূহে লিপিবদ্ধ পদ্ধতি অনুসরণ করা সম্ভবপর নহে, সেইক্ষেত্রে কমিশন অধ্যাদেশের ২১ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এই উদ্দেশ্যে উপযুক্ত বিবেচিত অন্য কোন পদ্ধতিতে ভোটার তালিকা প্রস্তুতের নির্দেশ দিতে পারিবে।

২০। **দাবী এবং আপত্তি দাখিলের জন্য সময়সীমা।-** ভোটার তালিকায় কোন নাম অন্তর্ভুক্তির জন্য প্রত্যেক দাবী এবং উহাতে কোন অন্তর্ভুক্তির বিরুদ্ধে প্রত্যেক আপত্তি বা

উহা সংশোধনের জন্য প্রত্যেক দরখাস্ত বিধি-১৯ এর অধীন খসড়া তালিকা প্রকাশিত হইবার তারিখের পরবর্তী পনের দিনের মধ্যে দাখিল করিতে হইবে।

২১। দাবী, আপত্তি ও সংশোধনী ফরম।- ভোটার তালিকায় কোন নাম অন্তর্ভুক্তির জন্য প্রত্যেক দাবী ফরম ৬, আপত্তি ফরম ৭ এবং সংশোধনী আবেদন ফরম ৮ এ করিতে হইবে।

২২। সংশোধনকারী কর্তৃপক্ষ নিয়োগ।- কমিশন কোন এলাকার জন্য ভোটার তালিকা সম্পর্কে দাবী ও আপত্তিসমূহ নিষ্পত্তি করিবার উদ্দেশ্যে একজন সংশোধনকারী কর্তৃপক্ষ নিযুক্ত করিবেন এবং একই ব্যক্তিকে দুই বা ততোধিক ভোটার এলাকার জন্য সংশোধনকারী কর্তৃপক্ষ নিযুক্ত করা যাইবে।

২৩। দাবী, আপত্তি ও সংশোধনী দাখিলের পদ্ধতি।- (১) কোন দাবী বা আপত্তি উপযুক্ত সংশোধনকারী কর্তৃপক্ষকে সম্বোধন করিয়া দাখিল করিতে হইবে এবং উহা উক্ত কর্তৃপক্ষ বা রেজিস্ট্রেশন অফিসার বা সহকারী রেজিস্ট্রেশন অফিসারের নিকট পেশ করিতে হইবে অথবা সংশোধনকারী কর্তৃপক্ষের নিকট ডাকযোগে প্রেরণ করিতে হইবে।

(২) দাবী বা আপত্তি ফরমে দাখিলকারী ব্যক্তির স্বাক্ষর বা টিপসহি থাকিতে হইবে এবং তাহা ডাকযোগে প্রেরিত না হইলে দাবীকারী বা আপত্তিকারী কর্তৃক স্বয়ং বা তৎকর্তৃক লিখিতভাবে অনুমোদিত কোন এজেন্ট দ্বারা পেশ করিতে হইবে।

(৩) কোন ভোটার এলাকার ভোটার তালিকায় নাম নাই এমন কোন ব্যক্তি উক্ত ভোটার তালিকায় কোন নাম অন্তর্ভুক্তির বিরুদ্ধে আপত্তি পেশ করিতে পারিবেন না।

(৪) কোন ভোটার এলাকার ভোটার তালিকায় তালিকাভুক্ত হইতে দাবীকারী বা ভোটার তালিকায় কোন নাম অন্তর্ভুক্তির বিরুদ্ধে আপত্তিকারী তাহার দাবী বা আপত্তির সমর্থনে যে প্রমাণ দিতে চাহেন তাহা ফরম-৬ বা, ক্ষেত্রমত, ফরম-৭ এর সহিত দাখিল করিতে হইবে।

(৫) ভোটার তালিকায় নাম থাকা কোন ব্যক্তির তালিকায় অন্তর্ভুক্তির বিরুদ্ধে আপত্তি দাখিল করা হইলে উক্ত ব্যক্তি সম্পর্কে তালিকায় পূরণযোগ্য বিস্তারিত তথ্য আপত্তিতে উল্লেখ থাকিতে হইবে।

(৬) যদি ভোটার তালিকায় কোন অন্তর্ভুক্তিতে কোন বর্ণনা শুদ্ধ না হয়, তাহা হইলে সংশ্লিষ্ট ব্যক্তি ফরম-৮- এ উহা সংশোধনের জন্য উপযুক্ত সংশোধনকারী কর্তৃপক্ষের নিকট দরখাস্ত করিতে পারিবেন।

(৭) যে কোন কারণে কোন ভোটার নিবন্ধিত ভোটার এলাকা হইতে অন্য ভোটার এলাকায় নাম তালিকাভুক্ত করিতে চাহিলে তাহাকে ফরম ৯ পূরণ করিয়া কাংখিত ভোটার তালিকায় তাহার নাম স্থানান্তর করিবার জন্য আবেদন করিতে পারিবেন।

২৪। দাবী, আপত্তি ও সংশোধন নাকচকরণ।- কোন দাবী বা আপত্তি এই বিধিমালায় নির্ধারিত সময়সীমার মধ্যে বা পদ্ধতিতে পেশ করা না হইলে বা উহা পেশ করিবার অধিকারী নহেন এমন কোন ব্যক্তি কর্তৃক পেশ করা হইলে উহা সংশোধনকারী কর্তৃপক্ষ কর্তৃক নাকচ করা হইবে।

২৫। রেজিস্ট্রেশন অফিসার কর্তৃক নাম অন্তর্ভুক্তির জন্য দরখাস্ত।- রেজিস্ট্রেশন অফিসার, বিধি ২০-এ নির্ধারিত সময় সীমার মধ্যে, সংশোধনকারী কর্তৃপক্ষের নিকট-

(ক) খসড়া ভোটার তালিকা প্রণয়নকালীন সময়ে অসাবধানতাবশত: বা সময়োচিত তথ্যের অভাবে বাদ পড়িয়াছে এমন কোন ব্যক্তির নাম অন্তর্ভুক্তির জন্য, বা

(খ) কোন ভোটার এলাকায় ভোটার তালিকা হইতে কোন নাম বাদ দেওয়ার জন্য বা ধারা ৭ এর উপ-ধারা (৩) এর অধীন তিনি স্বয়ং করিতে ক্ষমতাপ্রাপ্ত কোন লিখন বা মুদ্রণ সংক্রান্ত বা অন্য কোন ত্রুটি সংশোধনের জন্য দরখাস্ত করিতে পারিবেন।

২৬। দাবী, আপত্তি ও সংশোধনী রেজিস্টার।- প্রত্যেক সংশোধনকারী কর্তৃপক্ষ দাবী ও আপত্তিসমূহ ফরম-১০ অনুযায়ী রেজিস্টারে সংরক্ষণ করিবেন।

২৭। দাবী ও আপত্তিসমূহের নোটিশ।- বিধি ২৪ এর অধীন নাকচকৃত বা আপাতদৃষ্টিতে বৈধ হওয়ায় অধিক তদন্ত ছাড়াই নিষ্পত্তিকৃত কোন দাবী বা আপত্তির ক্ষেত্রে ব্যতীত, সংশোধনকারী কর্তৃপক্ষ-

(ক) কোন দাবীর ক্ষেত্রে, ফরম-৬ এ দাবীদার বা তাহার এজেন্টের উপর একটি নোটিশ;

(খ) কোন আপত্তির ক্ষেত্রে, ফরম-৭ এ আপত্তিকারীর উপর একটি নোটিশ, এবং ফরম-৭ এ তাহার সম্পর্কে আপত্তি তাহার উপর একটি নোটিশ; এবং

(গ) কোন অন্তর্ভুক্তি সংশোধনের ক্ষেত্রে, ফরম-৮ এ দরখাস্তকারীর উপর একটি নোটিশ জারী করাইবেন।

২৮। নোটিশ জারী।- বিধি ২৩ এর উপ-বিধি (৬) বা বিধি ২৭ এর অধীন কোন ব্যক্তির উপর নোটিশ জারী করিতে হইলে তাহা ব্যক্তিগতভাবে বা ডাকযোগে জারী করা যাইবে।

২৯। দাবী, আপত্তি ও সংশোধনী তদন্ত।- (১) বিধি ২৭ এর অধীন যে সমস্ত দাবী বা আপত্তি সম্পর্কে নোটিশ জারী করা হইয়াছে, সংশোধনকারী কর্তৃপক্ষ প্রতিটি দাবী ও আপত্তি সম্পর্কে এই উদ্দেশ্যে নির্ধারিত দিনে, একটি সংক্ষিপ্ত তদন্ত করিবেন এবং এতদ্বিষয়ে উহার সিদ্ধান্ত লিপিবদ্ধ করিবেন।

(২) কোন দাবী বা অভিযোগ শুনানীকালে সংশোধনকারী কর্তৃপক্ষ, দাবীদার বা কোন অন্তর্ভুক্তির বিরুদ্ধে আপত্তিকারী ব্যক্তি ব্যতীত দাবী বা আপত্তি সম্পর্কে কোন বক্তব্য প্রদান করিতে ইচ্ছুক ব্যক্তিরও শুনানী গ্রহণ করিতে পারিবেন।

(৩) অন্তর্ভুক্তির বিষয়ে দাবীদার বা আপত্তিকারী বা অন্য কোন ব্যক্তি যাহাদের উপ-বিধি (২) এর অধীন শুনানী গ্রহণ করা হইয়াছে তাহারা কোন মূলতবীর অধিকারী হইবেন :

তবে শর্ত থাকে যে, সংশোধনকারী কর্তৃপক্ষ ইচ্ছা করিলে বিষয়টি অন্য কোন তারিখ পর্যন্ত মূলতবী করিতে পারিবেন।

